ভারতে মারা গেলেন আওয়ামী লীগের প্রাক্তন এমপি কনিকা বিশ্বাস ডলি



সংগৃহীত ছবি

আওয়ামী লীগের প্রাক্তন সাংসদ কনিকা বিশ্বাস ডলি দীর্ঘদিন ধরে অসুস্থতার পর বুধবার (২৯ অক্টোবর) ভারতের কলকাতার সল্টলেক এলাকার মণিপাল হাসপাতালে মারা গেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ বছর।

কয়েক বছর ধরে তিনি পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার হৃদয়পুরে বসবাস করছিলেন। তার আত্মীয় ও চিকিৎসক ডা. সুবোধ বিশ্বাস জানিয়েছেন, 'গতকাল তিনি কলকাতার হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। আজ বিকেলে কলকাতার নিমতলা মহাশ্মশানে তার শেষকৃত্য সম্পন্ন হয়েছে। তার মৃত্যু একটি যুগের সমাপ্তি হিসেবে ধরা হচ্ছে।'

কনিকা বিশ্বাসের জন্ম গোপালগঞ্জ জেলার ওড়াকান্দিতে। ১৯৭৩ সালে তিনি প্রথম জাতীয় সংসদে মহিলা আসন-১১ থেকে মনোনীত এমপি হিসেবে দায়িত্ব পালন করেন। তার ভাতিজা ও হাইকোর্টের আইনজীবী উৎপল বিশ্বাস জানান, বঙ্গবন্ধুর মৃত্যুর পর ১৯৭৫ সালে তিনি দেশত্যাগ করেন।

তিনি ছয় দফা আন্দোলন, ভাষা আন্দোলন, ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধসহ তৎকালীন সব রাজনৈতিক কর্মকাণ্ডে সক্রিয় ভূমিকা পালন করেছিলেন। ১৯৮৫ সালে তার স্বামী বীরেন রাজ বিশ্বাস প্রয়াত হন।